গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)
এইচআর শাখা

...

সভাপতি	বিকাশ দেওয়ান ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১২.০৮.২০২০খ্রি.
সভার সময়	সকাল ১১.০০ টায়
স্থান	ভার্চুয়াল (Zoom Platform)
উপস্থিতি	০১। জনাব এ.টি.এম. হারুন-অর-রশিদ, এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স), ডিপিডিসি। ০২। জনাব গোলাম মোস্তফা, এক্সিকিউটিভ ডিরেক্টর (ফাইন্যান্স) ও এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিন এন্ড এইচ.আর), অতিরিক্ত দায়িত্ব, ডিপিডিসি। ০৩। জনাব এস এম শহীদুল ইসলাম, এক্সিকিউটিভ ডিরেক্টর (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি। ০৪। জনাব মো: গিয়াস উদ্দিন জোয়ার্দার এক্সিকিউটিভ ডিরেক্টর (ইঞ্জিনিয়ারিং), ডিপিডিসি। ০৫। জনাব মোঃ রবিউল হাসান, জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং), ডিপিডিসি। ০৬। জনাব মোহাম্মদ হাসনাত চৌধুরী, জেনারেল ম্যানেজার (এইচ.আর), ডিপিডিসি। ০৭। জনাব মো: আসাদুজ্জামান, কোম্পানি সচিব, ডিপিডিসি। ০৮। জনাব সৈয়দ আশরাফ আলী, প্রধান প্রকৌশলী (সাউথ), ডিপিডিসি। ০৯। জনাব আব্দুর রউফ খান, প্রধান প্রকৌশলী (ডেভেলপমেন্ট), ডিপিডিসি। ১০। জনাব মো: মুজিবুর রহমান, প্রধান প্রকৌশলী (নর্থ), [অতিরিক্ত দায়িত্ব] ডিপিডিসি। ১১। জনাব এটিএম ফজলুল করিম, প্রধান প্রকৌশলী (গ্রীড), [অতিরিক্ত দায়িত্ব] ডিপিডিসি। ১২। জনাব এ এইচ এম মহিউদ্দিন, প্রধান প্রকৌশলী, প্ল্যানিং এন্ড ডিজাইন [অতিরিক্ত দায়িত্ব] ১৩। জনাব শামীমুল হক, ডিজিএম (এইচ.আর), পাবলিক রিলেশন্স, ডিপিডিসি। ১৪। জনাব ডাঃ শেখ মঈনুল হোসেন, চিফ মেডিক্যাল অফিসার, ডিপিডিসি। ১৫। জনাব মো: মাহবুবুর রহমান, সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট, ডিপিডিসি। ১৬। জনাব মোঃ মহিউল আলম, সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট, অতিরিক্ত দায়িত্ব, ডিপিডিসি।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সর্বকালের শ্রেষ্ট বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগষ্টে নিহত পরিবারের সকল সদস্যর প্রতি গভীর শোক এবং আত্মার মাগফিরাত কামনা করে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বাঙ্গালি জাতি ও দেশ গঠনে জাতির পিতার অবিস্মরণীয় অবদানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। অতঃপর মুজিব বর্ষে গৃহীত কর্ম-পরিকল্পনার অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেন:

ক্র. নম্বর	পরিকল্পনা/গৃহীত কার্যক্রম	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/দপ্তর
০১	মুজিব বর্ষ উপলক্ষ্যে ০১ ঘন্টা অতিরিক্ত দপ্তর সময়/কার্যসময়	সভাপতি বলেন, সংশ্লিষ্ট বিষয়ে ইতোমধ্যে সার্কুলার জারি ও কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মুলত মুজিব বর্ষকে সামনে রেখে এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে দপ্তরে উপস্থিত থেকে কাজ করার পাশাপাশি এমপ্লয়ীগণ সার্বক্ষণিক অনলাইন প্লাটফর্মে কাজ করে যাচ্ছে বলে সভায় উল্লেখ করা হয়।	কার্যক্রম গৃহীত হয়েছে
০২	প্রধান কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণার্থে একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপন।	সভাপতি বলেন, গত ২৩.০২.২০২০খ্রি. তারিখে মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে বঙ্গবন্ধু কর্ণারের শুভ উদ্বোধন করা হয়। বঙ্গবন্ধু কর্ণারের স্থাপিত স্ক্রিনটি আরো তথ্যবহুল, আপডেট ও আইসিটি নির্ভর করা এবং প্রয়োজনীয় এপ্লিকেশন ও সফটওয়্যার এর ব্যবস্থা রাখার উপর সভায় গুরুত্বারোপ করা হয় এবং সেই সাথে জাতির পিতার বিভিন্ন ভিডিও ক্লীপসগুলো সার্বক্ষণিক চলমান রাখার পরামর্শ প্রদান করা হয়। সভায় ডিপিডিসি'র ওয়েবসাইটেও একটি পৃথক বঙ্গবন্ধু কর্ণার রাখার বিষয়ে প্রস্তাব প্রদান করা হয়।	বাস্তবায়নঃ জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
০৩	ডিপিডিসি কর্তৃক আইসিডিডিআরবির সহযোগীতায় আয়োজিত হেপাটাইটিস বি ভাইরাস স্ক্রিনিং ও ভ্যাক্সিনেশন প্রোগ্রাম এর আয়োজন।	হেপাটাইটিস বি ভাইরাস ভ্যাক্সিনেশন এর দুটি ডোজ ইতোমধ্যে প্রদান করা হয়েছে এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে ৩য় ডোজটি আইসিডিডিআরবির পরামর্শ অনুযায়ী আপাতত স্থগিত রয়েছে বলে সভায় উল্লেখ করা হয়। আইসিডিডিআরবির পরামর্শ অনুযায়ী পরবর্তীতে ৩য় ডোজ প্রদানের কার্যক্রম সম্পূর্ণ করা হবে বলে সভায় জানানো হয়।	চিফ মেডিক্যাল অফিসার
০৪	ডিপিডিসি কর্তৃক সন্ধানী ঢাকা মেডিক্যাল কলেজ শাখার সহযোগীতায় ব্লাড ডোনেশন পোগ্রামের আয়োজন	ব্লাড ডোনেশন পোগ্রামটি করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির কারণে স্থগিত রাখা হয়েছে পরবর্তীতে পরিস্থিতি স্বাভাবিক হলে সংশ্লিষ্ট প্রোগ্রামটি আয়োজন করা হবে মর্মে সভায় বলা জানানো হয়।	চিফ মেডিক্যাল অফিসার

০৫	মুজিব বর্ষ উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার পুরস্কার প্রদান অনুষ্ঠান (সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা ও খেলাধুলা)	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মৃত্যু বার্ষিকীতে রচনা প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের মধ্যে হতে বিজয়ীদের নাম ঘোষণা করা হবে এবং পরবর্তী দিন বিজয়ীদের কাছে পুরস্কার বিতরণ করা হবে বলে সভায় উল্লেখ করা হয়। এছাড়াও ১৫ আগষ্ট উপলক্ষ্যে ডিপিডিসি'র পক্ষ হতে সন্ধ্যা ৭.৩০ জুম মিটিং এর আয়োজন করা হবে এবং ১৪ আগষ্ট জাতির পিতার মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে তিনটি মসজিদে বিশেষ দোয়া ব্যবস্থা এবং গরীব-দুস্থদের মধ্যে খাবার বিতরণ করা হবে মর্মে আলোচনা করা হয়। ডিপিডিসি'র দপ্তরগুলোতে এ উপলক্ষ্যে ইতোমধ্যে ব্যানার, ফেস্টুন প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে সভায় উল্লেখ করা হয়। ১৫ আগষ্ট- জাতির পিতার মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে প্রত্যেক দপ্তরে পতাকা অর্ধনমিত রাখার উপর গুরুত্বারোপ করা হয়। এ বিষয়ে ডিজিএম (পাবলিক রিলেশন্স) পতাকা অর্ধনমিত রাখার নিয়মাবলী সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।	ডিজিএম (এইচ.আর) পাবলিক রিলেশন্স
০৬	প্রতিটি এনওসিএস এ একটি করে ফিডার নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা	সভায় ডিপিডিসি'র চিফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) কে তাদের আওতাধীন প্রতিটি এনওসিএস হতে একটি করে ফিডারকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসার বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হয় এবং কোন কোন সাব-স্টেশন এর আওতায় কোন কোন ফিডারকে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা হবে তার তথ্য/তালিকাসহ বিস্তারিত বাস্তবায়ন পরিকল্পনা আগামী ৭ কর্মদিবসের মধ্যে সিসিও বরাবর রিপোর্ট দাখিল করা বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	বাস্তবায়ন: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
০৭	গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশনকে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসা	সভায় মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহীত গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশনকে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসার বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হয়। গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশনকে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ কার্যক্রমের আওতায় নিয়ে আসার লক্ষ্যে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে, ৩৩ কেভির কয়টি সোর্স আছে, মুল সোর্স কি হবে, ১১ কেভির ফিডার গুলো কি অবস্থায় আছে, ফিডারগুলোতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষে কি ব্যবস্থা গ্রহণ করতে হবে, বর্তমানে কি পরিমান পাওয়ার ইন্টারাপশন হচ্ছে এবং এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা যায় তার রিপোর্ট আগামী ৭ কর্ম দিবসের মধ্যে সিসিও, ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তরকে প্রদান করতে হবে। সংশ্লিষ্ট বিষয়টি চিফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ) অতিঃ দায়িত্ব), কে তত্ত্বাবধানের জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।	বাস্তবায়ন: চিফ ইঞ্জিনিয়ার, গ্রীড সহায়তায়: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ), অতিরিক্ত দায়িত্ব তত্ত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
০৮	সি এস আর এর আওতায় সরকারী প্রাইমারী স্কুল এবং অটিস্টিক বাচ্চাদের স্কুলে সোলার প্যানেল প্রদান	সভায় সংশ্লিষ্ট বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে আগামী ৭ কর্মদিবসের মধ্যে সিসিও, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর বরাবর রিপোর্ট দাখিলের জন্য এ.এইচ.এম মহিউদ্দিন, সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, ডিস্ট্রিবিউশন প্ল্যানিং এবং চীফ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং এন্ড ডিজাইন, [অতিরিক্ত দায়িত্ব] কে দায়িত্ব প্রদান করা হয়।	বাস্তবায়ন: এ.এইচ.এম মহিউদ্দিন, চীফ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং এন্ড ডিজাইন, [অতিরিক্ত দায়িত্ব]
০৯	মুজিব বর্ষ উপলক্ষ্যে আলোচনা সভা- "বঙ্গবন্ধু ও নারীর ক্ষমতায়ন"	সভায় বলা হয় ইতোমধ্যে "বঙ্গবন্ধু ও নারীর ক্ষমতায়ন" এর উপর আলোচনা সভার আয়োজন করা হয়েছে এবং সংশ্লিষ্ট বিষয়টি পরবর্তীতে প্রকাশনীতে প্রচার করা হবে।	কার্যক্রম গৃহীত হয়েছে
১০	বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ ইত্যাদি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডিপিডিসি'র আওতাধীন স্কুল/কলেজ গুলোতে সচেতনতামুলক বিভিন্ন প্রোগ্রাম আয়োজন করা	বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ এর লক্ষ্যে একটি গাইডলাইন প্রস্তুত করা হবে। ইতোমধ্যে ডিজিএম (ফিন্যান্স), রেগুলেটরি অ্যাফেয়ার্স এর নিকট খসড়া দেয়া হয়েছে। প্রস্তুতকৃত গাইডলাইনটি ডিপিডিসি'র সংশ্লিষ্ট দপ্তর এবং এনওসিএসগুলোতে বিতরণ করা হবে সেই সাথে ফেইসবুক ও ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়।	বাস্তবায়ন: ডিজিএম (ফিন্যান্স), রেগুলেটরি অ্যাফেয়ার্স এবং ডিজিএম (এইচ.আর) পাবলিক রিলেশন্স

১১	ডিপিডিসি'র আওতাধীন এলাকাকে দূর্ঘটনা মুক্ত এলাকা (Accident Free Zone) হিসেবে গড়ে তুলার লক্ষ্যে special awareness program আয়োজন	বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ এর লক্ষ্যে ডিপিডিসি'র কন্ট্রোল রুম এবং সংশ্লিষ্ট কার্যে নিয়োজিত এমপ্লয়ীদের সেফটি সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। সভাপতি সেফটি গাইডলাইন এর উপর প্রকাশিতব্য বইয়ের কপি সকলের নিকট বিতরণ এবং সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং প্রশিক্ষণ ও যথাযথ তদারকির ব্যবস্থা গ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করেন। বৈদ্যুতিক দূর্ঘটনা রোধের ক্ষেত্রে সভাপতি এনওসিএস সংশ্লিষ্ট দপ্তরসমূহকে জোর কার্যক্রম পরিচালনার বিষয়ে তাগাদা প্রদান করেন বিশেষ করে ঝুলন্ত তার, ঝুকিপূর্ণ লাইন, ট্রান্সফর্মার, গাছপালা পরিস্কার করা ইত্যাদির বিষয়ে যত্নবান হওয়া। সভাপতি সভায় fire extinguisher এর ব্যবহার, fire alarm বসানো, সাব-স্টেশন এবং কেপিআই স্থাপনাগুলোতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার বিষয়ে গুরুত্বারোপ করেন।	বাস্তবায়ন: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং ডিজিএম (এইচ.আর), সিকিউরিটি তত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
১২	গ্রাহকদের বিদ্যুৎ বিলের নিচে সচেতনতামুলক বিভিন্ন স্লোগান/পরামর্শ এবং বিলের সাথে বিদ্যুৎ সাশ্রয়ী ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ বিষয়ক বিভিন্ন পরামর্শ সম্বলিত লিফলেট/ভাজ প্রদান	সভায় জানানো হয় বর্তমানে বিদ্যুৎ বিলের নিচে বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ বিষয়ক পরামর্শ/স্লোগান দেয়া হয়। সভাপতি এ বিষয়ে আরো সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করা এবং পরবর্তী মাসের বিলের নিচে/সাথে সাশ্রয়ী ও বৈদ্যুতিক দুর্ঘটনা রোধ এবং সচেতনতামুলক বিভিন্ন স্লোগান/পরামর্শ প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন	বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
১৩	ডিপিডিসি'র আওতাধীন সকল দপ্তরে পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে যাবতীয় কার্যক্রম গ্রহণ	সভাপতি মুজিব বর্ষ উপলক্ষ্যে প্রতিটি দপ্তরে পরিস্কার পরিছন্নতা নিশ্চিত করার লক্ষ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ করার উপর তাগাদা প্রদান করেন। সভায় স্ক্যাডা ভবন এবং এর আশে-পাশের জায়গা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি সকলকে স্বাস্থ্য বিধি মেনে কার্যক্রম পরিচালনার উপর পরামর্শ প্রদান করেন। সভায় জেনারেল ম্যানেজার (এইচ.আর) কে প্রত্যেক দপ্তর হতে পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ক প্রতিবেদন সংগ্রহের জন্যও পরামর্শ প্রদান করা হয়।	বাস্তবায়ন: পরিস্কার পরিচ্ছন্নতা কমিটি
১৪	বাসায় অবস্থানকারী মহিলা (Home Maker) দের মধ্যে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে নিরাপত্তা, বিদ্যুৎ সাশ্রয় ইত্যাদি সংক্রান্ত সচেতনতা বাড়ানোর জন্য special awareness program এর আয়োজন করার	সভাপতি বাসায় অবস্থানকারী মহিলা (Home Maker) দের মধ্যে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে নিরাপত্তা, বিদ্যুৎ সাশ্রয় ইত্যাদি বিষয়ে সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম গ্রহনের উপর তাগাদা প্রদান করেন।	বাস্তবায়ন: ডিজিএম (এইচ.আর) এমপ্লয়ি রিলেশন্স এন্ড ডিসিপ্লিন
১৫	গ্রাহক কর্তৃক টেলিফোন, লিখিত, ই-ইমেল, ফেইসবুক ইত্যাদির মাধ্যমে প্রদত্ত অভিযোগসমূহ যথাযথ দ্রুত নিষ্পন্ন করতে হবে।	সভাপতি বলেন সংশ্লিষ্ট বিষয়ে কার্যক্রম চলমান আছে। সভায় অভিযোগ নিষ্পত্তির বিষয়কে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে গ্রাহক সেবার উৎকর্ষতা সাধানে সংশ্লিষ্ট সকলকে কাজ করার জন্য আহ্বান করা হয়।	বাস্তবায়ন: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
১৬	কল সেন্টারকে আরো কার্যকরীরূপে গড়ে তুলা।	সভায় অবহিত করা হয় যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে কল সেন্টারের কার্যক্রম সচল রাখার লক্ষ্যে কল সেন্টারে নিয়োজিত এমপ্লয়ীগণ নিজ বাসা থেকেও কল সেন্টারের কার্যক্রম এর সাথে যুক্ত ছিলেন। সভায় উল্লেখ করা হয় সংশ্লিষ্ট কার্যক্রমে নিয়োজিত এমপ্লয়ীর ঘাটতি রয়েছে। এ বিষয়ে পর্যাপ্ত জনবল বা আউট সোর্সিং এর ব্যবস্থা করা গেলে আরো দক্ষতার সাথে কার্যক্রম পরিচালনা করা যাবে বলে সভায় উল্লেখ করা হয়। সভাপতি ডিপিডিসি'র কল সেন্টারকে আরো উন্নত এবং কার্যকরী করার জন্য জিআইএস সিস্টেমকে integrate করার জন্য পরামর্শ প্রদান করেন।	বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
১৭	ডিপিডিসিকে একটি নিরাপদ ও পরিবেশ বান্ধব ইউটিলিটিতে রূপান্তর এবং একই সাথে ওভারহেড লাইনসমূহকে আন্ডারগ্রাউন্ড এ স্থাপনের পরিকল্পনার অংশ হিসেবে মুজিব বর্ষ উদযাপন উপলক্ষ্যে ০১ (এক) টি Oil filled pole mounted distribution transformers কে Oil free dry (cast resin) type flame proof transformer দ্বারা পরিবর্তন করা	সভাপতি সভায় সংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত জানতে চান। সভায় জানানো হয় সংশ্লিষ্ট বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে একটি ডিজাইন তৈরি করা হয়েছে এবং এটি বাস্তবায়নে একটি স্পেশাল পোল (pole) তৈরি করতে হবে। সভাপতি সংশ্লিষ্ট কর্মপরিকল্পনাটি যথাযথ বাস্তবায়নে একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন এবং তত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্টকে কনফিডেন্স এর সাথে আলোচনা করে একটি প্রয়োজনীয় পোল তৈরি করার জন্য পরামর্শ প্রদান করেন।	কমিটি: ১। চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ), অতিরিক্ত দায়িত্ব ২। চীফ ইঞ্জিনিয়ার, প্ল্যানিং এন্ড ডিজাইন, অতিরিক্ত দায়িত্ব ৩. সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট ৪. মোহাম্মদ সাইফুল আলম, নির্বাহী প্রকৌশলী, সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, স্টোর ম্যানেজমেন্ট [অতিরিক্ত দায়িত্ব]

১৮	মুজিব বর্ষ (২০২০) কে সামনে রেখে ট্রেইলার মাউন্টেড/ মোবাইল/ মুভেবল ৩৩/১১ কেভি সাব-স্টেশন সংগ্রহ করা	সংশ্লিষ্ট বিষোয়টি বাস্তবায়নে টেন্ডার করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়।	বাস্তবায়ন: চিফ ইঞ্জিনিয়ার (প্ল্যানিং এন্ড ডিজাইন) এবং সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট
১৯	ওয়েব সাইটে মুজিব বর্ষ উপলক্ষ্যে বিশেষ প্রচার ব্যবস্থা	সভাপতি ডিপিডিসির ওয়েবসাইটে মুজিব বর্ষ উপলক্ষ্যে বছরব্যাপী বিশেষ প্রচারনা চালানোর বিষয়ে জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।	বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং)
২০	দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স, দুর্নীতি রোধ এবং শুদ্ধাচার চর্চাকে উৎসাহিত করার লক্ষ্যে দুর্নীতি বিরোধী এবং শুদ্ধাচার চর্চার উপর বিভিন্ন পোস্টার, লিফলেট ব্যানার ইত্যাদি তৈরি করে প্রচারণা	সভায় জানানো হয়, গত বছর শুদ্ধাচার বিষয়ক বিভিন্ন পোস্টার, লিফলেট ব্যানার ইত্যাদি তৈরি করে প্রচার করা হয়েছিল। এবছর ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় ডিপিডিসি'র সকল দপ্তরসমূহে ব্যানার স্থাপনসহ প্রচার কার্যক্রম গ্রহণ করা হবে। সভাপতি শুদ্ধাচার সংশ্লিষ্ট বিষয়ে একটি সেমিনার আয়োজনের জন্য জেনারেল ম্যানেজার (এইচ.আর) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত সেমিনারে সংশ্লিষ্ট বিষয়ে দু জন অতিথি বক্তা রাখার বিষয়ে পরামর্শ প্রদান করেন।	বাস্তবায়ন: জেনারেল ম্যানেজার (এইচ.আর)
২১	বাংলাদেশ বিদ্যুৎ সেক্টরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান, পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিদ্যুৎ সেক্টরে অবদান এবং ভবিষ্যৎ পরিকল্পনা সেইসাথে বিদ্যুৎ সেক্টরে ডিপিডিসি'র অবদান ইত্যাদি নিয়ে একটি ডকুমেন্টারি ও একটি ক্রোড়পত্র তৈরি করা	সভাপতি সভায় মুজিব বর্ষকে সামনে রেখে বাংলাদেশ বিদ্যুৎ সেক্টরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান ও পরিকল্পনা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিদ্যুৎ সেক্টরে অবদান এবং ভবিষ্যৎ পরিকল্পনা সেইসাথে বিদ্যুৎ সেক্টরে ডিপিডিসি'র অবদান ইত্যাদি নিয়ে একটি ডকুমেন্টারি ও একটি ক্রোড়পত্র তৈরির কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করেন। ডকুমেন্টারি ও ক্রোড়পত্রটি ডিপিডিসি'র ১২ বছর পুর্তি উপলক্ষ্যে প্রকাশনা হতে ভিন্ন হবে বলে সভায় উল্লেখ করা হয়। এ লক্ষ্যে সভাপতি একটি কমিটি গঠনের জন্য পরামর্শ প্রদান করেন।	মুজিব বর্ষ উপলক্ষ্যে একটি ডকুমেন্টারি ও ক্রোড়পত্র তৈরির জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো: ১। নির্বাহী পরিচালক (অর্থ) ২। কোম্পানি সচিব ৩। ডিজিএম (ফিন্যান্স), রেগুলেটরি অ্যাফেয়ার্স ৪। ডিজিএম (এইচ.আর), পাবলিক রিলেশন ৫। ডিজিএম (এইচ.আর), ই আর এন্ড ডি
২২	মুজিব বর্ষ উপলক্ষ্যে গ্রাহক সমাবেশ এর আয়োজন	সভাপতি ডিপিডিসি'র প্রত্যেক এনওসিএস এ গণশুনানির ব্যানারে সংশ্লিষ্ট তথ্যর পাশাপাশি মুজিব বর্ষের লোগো, শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ সম্বলিত স্লোগান দিয়ে ব্যানার তৈরি করে গ্রাহক সমাবেশ আয়োজনের পরামর্শ প্রদান করেন।	বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) তত্বাবধান: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল)
২৩	বস্তি এলাকায় অস্থায়ী মেডিক্যাল ক্যাম্প/সুবিধা ও প্রিপেইড মিটার এর মাধ্যমে বিদ্যুৎ সংযোগ প্রদান	সভায় বস্তি এলাকায় বিদ্যুৎ সংযোগ প্রদান এর উপর গুরুত্বারোপ প্রদান করা হয়। সভায় বলা হয় বস্তি এলাকায় বিদ্যুৎ সংযোগ সহজ করার জন্য প্রয়োজনে টেলিফোনে/স্বল্প কাগজে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে। সভায় বিদ্যুৎ উপদেষ্টা মহোদয়কে প্রধান অতিথির আমন্ত্রণ জানিয়ে ডিপিডিসি'র আওতাধীন একটি বস্তি এলাকা নির্বাচন করে নূতন বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য একটি ভার্চূয়াল প্রোগ্রাম এর আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	বাস্তবায়ন: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
২৪	ইনোভেটিভ কমিটি দাখিলকৃত প্রস্তাবিত আইডিয়া যাচাই বাছাই পূর্বক বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান ও কার্যক্রম গ্রহণ	সভায় আলোচনা করা হয় প্রত্যেক দপ্তর একটি করে আইডিয়া ইনোভেটিভ কমিটির কাছে দাখিল করবেন, ইনোভেটিভ কমিটি যাচাই বাছাই পূর্বক আইডিয়া বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে গ্রীন রোড ডরমিটরি সাব-স্টেশন এ গৃহীত SAIDI, SAIFI অটোমেশন এর কার্যক্রমকে ইনোভেটিভ আইডিয়া হিসেবে গ্রহণের বিষয়ে প্রস্তাবনা করা হয়।	বাস্তবায়ন: ইনোভেটিভ কমিটি তত্বাবধান: নির্বাহী পরিচালক (অপারেশন্স)
২৫	বিলিং ব্যবস্থাপনার উৎকর্ষতা সাধন	সভার শেষ পর্যায়ে সভাপতি বিদ্যুৎ সেবায় আরও তৎপর হওয়ার জন্য সকলকে পরামর্শ দেন। প্রতি গ্রাহকের মাসিক বিদ্যুৎ বিল মিটার রিডিং গ্রহণ, যথাযথ বিল তৈরি ও পরীক্ষা করে সঠিক সময়ে বিল গ্রাহকের নিকট পৌছে দেওয়ার ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে আরও মনযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন।	বাস্তবায়ন: নির্বাহী প্রকৌশলী, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) তত্বাবধান: চীফ ইঞ্জিনিয়ার, এনওসিএস (নর্থ/সাউথ/সেন্ট্রাল) এবং জিএম (আইসিটি,এনার্জি এন্ড মিটারিং)

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

বিকাশ দেওয়ান
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৭.৮৭.০০০০.৪০৩.০৫.০০১.১৯.৭৩

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৭

১৪ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) এক্সিকিউটিভ ডিরেক্টর (আডমিনিসট্রেইশন এন্ড এইচ.আর/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশনস/ ফিন্যান্স/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট), ডিপিডিসি।

২) সকল চীফ ইঞ্জিনিয়ার /সকল জেনারেল ম্যানেজার / কোম্পানি সচিব, ডিপিডিসি।

৩) সিও টু ম্যানেজিং ডিরেক্টর/সকল সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার/সকল পিডি/ সকল ডিজিএম/ সিএমও, ডিপিডিসি।

৪) সকল নির্বাহী প্রকৌশলী, এনওসিএস, ডিপিডিসি।

৫) অফিস কপি/ মাস্টার ফাইল।

মোহাম্মদ হাসনাত চৌধুরী

জেনারেল ম্যানেজার (এইচ আর)